তারিখ ...18 OCT 1991
পৃষ্ঠা... ৬ ... কলাম ... ৭...

আজকের কাগজ

# শিক্ষা প্রতিমন্ত্রীর সঙ্গে আলোচনার পর সরকারি কলেজ প্রভাষকদের কর্মবিরতি প্রত্যাহার

শিক্ষা প্রতিমন্ত্রীবর সঙ্গে আলোচনার প্রেক্ষিতে বাংলাদেশ সরকারি কলেজ প্রভাষক সমিতি তাদের কর্মবিরতির কর্মসূচি আপাততঃ স্থগিত ঘোষণা করেছেন। গতকাল সমিতির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকালে শিক্ষামন্ত্রণালয় ও বাংলাদেশ সরকারি কলেজ প্রভাষক সমিতির কর্মকর্তা ও নেতাদের মধ্যে এ আলোচনা অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভায় সরকারের পক্ষ থেকে সমিতির কয়েকটি দাবি মেনে নেয়া ও বাকি দাবি-দাওয়া পর্যাক্রমে পূরণের নিশ্চয়তা দেয়ায় সমিতি কর্মবিরতি স্থগিত ঘোষণা করে। সভায় সরকারের পক্ষ থেকে '৯১-এর ৩১ জুলাই পর্যন্ত যাদের চাকরিকাল পাঁচ বছর বা তার বেশি হয়েছে তাদের পদোন্নতির নির্দেশ দান, ১১৪টি জাতীয়কৃত কলেজে এনাম কমিটির সুপারিশ করা স্টাফিং প্যাটার্ন অনুযায়ী পদ সৃষ্টি করা, চার বছর চাকরিকাল পূর্তিতে ২৪০০ টাকা উচ্চতর স্কেল প্রদানের আশ্বাস দান ও অন্যান্য দাবি-দাওয়া পর্যায়ক্রমে পূরণের নিশ্চয়তা দেয়া হয় বলে সমিতির পক্ষ থেকে জানানো হয়েছে।